

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

এডি-পি১-৮২৮৬/১৩২

২৬ আগস্ট ২০১৯

- প্রাপক: (১) জনাব মাহবুব হাসান সালেহ, মিশন উপপ্রধান ও মিনিস্টার, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডি.সি.
(২) জনাব দেওয়ান আলী আশরাফ, কাউন্সেলর, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডি.সি.
(৩) জনাব মোঃ ওয়ালিউর রহমান, ডেপুটি কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, লস এঞ্জেলস
(৪) জনাব মোঃ হুমায়ুন কবীর, কাউন্সেলর, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ


বিষয়: জাতিসংঘের আসন্ন ৭৪ তম সাধারণ অধিবেশন উপলক্ষে ২০-২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত নিউ ইয়র্ক সফরের মঞ্জুরি প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে জাতিসংঘের আসন্ন ৭৪ তম সাধারণ অধিবেশন উপলক্ষে নিউ ইয়র্কে অবস্থিত বাংলাদেশ স্থায়ী মিশনকে প্রয়োজনীয় কাজে সহযোগিতা প্রদানের জন্য আপনার অনুকূলে আগামী ২০-২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) নিউ ইয়র্ক ভ্রমণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলী নিম্নরূপ:


- ক) ভ্রমণকালীন আপনি সরকারী কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে।
খ) আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
গ) আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় মিশনের ২০১৯-২০ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে।
ঘ) আপনি আগামী ২০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে নিউ ইয়র্কের উদ্দেশ্যে নিজ কর্মস্থল ত্যাগ করবেন এবং ২৯ সেপ্টেম্বর ২০১৯ বা তার নিকটবর্তী সময়ে নিজ কর্মস্থলের উদ্দেশ্যে নিউ ইয়র্ক ত্যাগ করবেন।
ঙ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি নিউ ইয়র্ক-এ অবস্থান করতে পারবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৬/০৮/১৯
(এ. এস. এম. তাজ-উল-ইসলাম)
(সহকারী সচিব, সংস্থাপন-১)
ফোন: ৯৫৬৪০৭৮

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। মহাপরিচালক (জাতিসংঘ/পশ্চিম এশিয়া/প্রশাসন/আমেরিকাস/কন্স্যুলার)/রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (তহবিল/অডিট ও পেনশন)/সহকারী সচিব (আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক/ বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডি.সি./ রিয়াদ/ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, লস এঞ্জেলস।
৬। সংশ্লিষ্ট কর্মকর্তার নথি।


২৬/০৮/১৯
(এ. এস. এম. তাজ-উল-ইসলাম)
(সহকারী সচিব, সংস্থাপন-১)